ঝিনাইদহের শৈলকুপায় হোঁচট খেয়ে পড়ে গিয়ে শি*শু*র মৃ*ত্যু

ঝিনাইদহের শৈলকুপায় হোঁচট খেয়ে পড়ে গিয়ে সিয়াম হোসেন (৮) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার (৫মার্চ) সকালে উপজেলার মির্জাপুর ইউনিয়নের যাদবপুর গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সিয়াম হোসেন ওই গ্রামের জামিরুল ইসলামের বড় ছেলে।

স্থানীয়রা জানান, সিয়াম আজ সকাল আনুমানিক ৯ টার সময় বাড়ির পাশে ইদ্রিসের বাড়িতে যায় পাওনা টাকা আনার জন্য। সেখান দ্রুত যাওয়ার সময় ইদ্রিস আলীর বাড়ির উঠানে হোঁচট খেয়ে পড়ে গিয়ে গুরুতর আহত হয়। এর পর স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সফিকুল ইসলাম চৌধুরী বলেন, সিয়াম হোসেন (৮) নামের এক শিশু অসাবধানতা বসত: হোঁচট খেয়ে পড়ে মৃত্যু বরণ করেছে।

ঝিনাইদহের শৈলকুপায় গোয়াল ঘরে অগ্নিকান্ড, ২টি গরুর মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপার বাহির রয়েড়া গ্রামে অগ্নিকান্ডে ২টি গরু পুড়ে মারা গেছে। এতে অন্তত ৫ লক্ষাধিক টাকার ক্ষতি সাধিত হয়েছে।

গতকাল শনিবার রাত আনুমানিক ১ টার দিকে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। জানা যায়, বাহির রয়েড়া গ্রামের কৃষক আয়ুব হোসেন দুটি গাভী গরু পালন করতেন। গতকাল একটি গাভীর পেট থেকে বাছুর ভূমিষ্ট হয়। রাতে গোয়াল ঘরে তারা মশার কয়েল জ্বালিয়ে দেয়। অসাবধানতা বশত মশার কয়েল থেকে অগ্নিকান্ডের সূত্রপাত ঘটে। এক পর্যায়ে পুরো গোয়াল ঘরে আগুন ছড়িয়ে পড়ে। স্থানীয়রা টের পেয়ে আগুন নিয়ন্ত্রনে আনার আগেই গর্ভবতী একটি গাভী গরু ও সদ্য ভূমিষ্ট একটি বাছুর পুড়ে মারা

যায়। মৃত গাভীটি ১০ মাসের গর্ভবতী ছিলো, দু’একদিনের মধ্যে বাচ্চা ভূমিষ্ট হওয়ার কথা ছিলো। অন্যদিকে সদ্য প্রসূতি গাভীটিও পুড়ে ঝলসে গেছে।

কৃষক আয়ুব হোসেন জানান, আগুনে তার ১০ মাসের গর্ভবতী গাভী ও একটি বাছুর মারা গেছে। আরেকটি গাভী পুড়ে ঝলসে গেছে। এতে অন্তত ৫ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে তিনি জানান। পরে স্থানীয়রা পুড়ে মরা গরুগুলোকে বাড়ীর পার্শ্বে গর্ত খুড়ে পুতে রাখে।

শৈলকুপার খালফলিয়া মিলন মাধ্যমিক বিদ্যালয়ের কমিটি গঠনে অনিয়মের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপায় খালফলিয়া মিলন মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ উঠেছে। স্থানীয় কোন পত্রিকা, নোটিশ বোর্ড এবং এলাকায় মাইকিং না করে সভাপতির যোগসাজসে গোপনে তফসিল দিয়ে কমিটি গঠন করেছে বলে অভিযোগ করা হয়েছে।

এব্যাপারে স্থানীয় অভিভাবক ও প্রতিষ্ঠানের দাতা সদস্যরা এর প্রতিকার চেয়ে মাধ্যামক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড যশোর, জেলা প্রশাসক ঝিনাইদহ ও জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর লিখিত আবেদন করেছেন।

আবেদনের আলোকে তথ্য নিয়ে দেখা যায়, অভিবাভকদের কাছে গোপন রাখতে ঘোষিত তফসিল ঝিনাইদহ থেকে প্রকাশিত কোন পত্রিকায় না দিয়ে নিয়োম ভঙ্গ করে বাইরের পত্রিকায় দেয়ওয়া হয়েছে, তাছাড়া স্কুলের নোটিশ বোর্ড ও মাইকিং করে প্রচারের কথা থাকলেও তা করা হয়নি বলে জানা গেছে। স্থানীয়রা জানেননা কবে কখন কোথা থেকে মনোনয়ন ফরম কিনতে হবে এবং জমা দিতে হবে। এব্যাপারে যথেষ্ট প্রচার প্রচারণার কথা থাকলেও প্রধান শিক্ষককের পছন্দের ব্যক্তিকে সভাপতি বানাতে সব কিছু গোপন করা হয়েছে।

এক অভিভাবক সদস্য জানান, গত ২ ফেব্রুয়ারী সকালে অভিভাবকদের মিটিং এর চিঠি তাদের পছন্দের কিছু অভিভাবককে ১ফেব্রুয়ারী রাতে এবং ২ফেব্রুয়ারী সকালে পৌছানো হয়েছে। ফলে ২ফেব্রুয়ারী কয়েকজন অভিভাবক সদস্যের উপস্থিতিতে ৪জন অভিভাবক সদস্য এবং ২জন শিক্ষক প্রতিনিধি সদস্য মনোনিত করেছেন।

সভাপতি নির্বাচনের তারিখ ১৬ ফেব্রুয়ারী দেওয়া থাকলেও তা তড়িঘড়ি করে এগিয়ে নিয়ে সদস্যদের উপর প্রভাব খাটিয়ে ১১ ফেব্রুয়ারী উপজেলা শৈলকুপা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে বসে জোর পূর্বক স্বাক্ষর করে গত কমিটির সভাপতি সোহেল আহম্মেদ পুনরায় সভাপতি নির্বাচিত হয়। ওই দিন তিনজন সদস্য উপস্থিত ছিলেন না ১৩ ফেব্রুয়ারী তাদের বাড়ির উপরে গিয়ে ভয়-ভীতি দেখিয়ে স্বাক্ষর করিয়ে নেয়।

এই সভাপতি বিধি বহির্ভূত ভাবে পর পর তিনবার সভাপতি হচ্ছে বলেও অভিযোগ আছে। এব্যাপারে অভিযোগকারী সাবেক ইউপি সদস্য বলাই বিশ্বাস বলেন, সম্পুর্ণ বে-আইনি ভাবে স্কুলের অভিভাবকদের না জানিয়ে সভাপতির ইচ্ছা মাফিক হেড মাস্টার পরিতোষ কুমার বিশ্বাস ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধি এবং সভাপতি বানিয়েছেন। আমার বাবা স্কুলের জমি দাতা হয়েও আমাদের কাউকে দাতা সদস্য রাখা হয়নি। আমি দাতা সদস্য থাকতে চাইলে আমার নিকট থেকে ১লাখ টাকা চাঁদা দাবি করা হয়।

এব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক পরিতোষ কুমার বিশ্বাস বলেন, আমি নিয়োম মাফিক সব কিছু করার চেষ্টা করেছি কিন্তু কোন অভিভাবক সদস্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে মনোনয়ন ফরম কিনতে যায়নি এজন্য বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছে। প্রচার প্রচারণা নিয়ে প্রশ্ন করলে মাইকিং করার কোন প্রমান দেখাতে পারেননি তিনি। এবং কত তারিখের প্রত্রিকায় তফসিল দেওয়া হয়েছে তাও তিনি বলতে পারেন নি। স্কুলের শিক্ষার পরিবেশ অক্ষুন্ন রাখতে বিষয়টি তদন্ত স্বাপেক্ষে সুরাহার আবেদন জানান অভিভাবকরা।

শৈলকুপায় ৩৬ বছরের পুরাতন সরকারি গাছ কেটে নিলো মফিজ চেয়ারম্যান

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার ১২ নং নিত্যান্দপুর ইউনিয়নের চেয়ারম্যানের মফিজ উদ্দিনের বিরুদ্ধে স্থানীয় প্রভাব খাটিয়ে সরকারি রাস্তার ৬টি রেন্টি কড়াই গাছ নিজের মালিকানা দাবি করে কেটে বিক্রির করার অভিযোগ উঠেছে। কোন প্রকার টেন্ডার ছাড়াই ক্ষমতার দাপটে এসব গাছ কেটে বিক্রি করে দিয়েছে চেয়ারম্যন। গাছ গুলোর আনুমানিক বাজার মূল্য প্রায় ৩ লক্ষ টাকা।

আজ সরজমিনে গিয়ে দেখা যায় বকশিপুর বাজার সংলগ্ন ১৬৭ নং ভান্ডারিপাড়া মৌজার ৩৫ শতক জমির পাশের রাস্তার গাছগুলো কেটে ফেলে রাখেছে। এছাড়া গাছের অবশিষ্ট খড়ি ইট ভাঁটা ও তামাকের জ্বালানি হিসাবে বিক্রি করে দেওয়া হয়ছে। আর মাঝারি সাইজের লগ গুলো পশের করাত কলে ফেলে রাখা হয়েছে ফাঁড়াই করার জন্য। স্থানীয়ভাবে প্রভাবশালী হওয়ার কারণে চেয়ারম্যানের বিরুদ্ধে সরাসরি কেউ মুখ খুলতে সাহস পাচ্ছে না।

তবে নাম প্রকাশে অনিচ্ছুক দু’একজন এলাকাবাসীর কাছ থেকে জানা যায়, গাছ গুলোর আনুমানিক বয়স প্রায় ৩৬ বছর। সরকারি রাস্তা হওয়ার সময় গাছগুলো লাগিয়ে ছিলো একটি স্বেচ্ছাসেবী সংগঠন এখন কিভাবে গাছ গুলো চেয়ারম্যানের হয় তা তাদের জানা নেই। তাঁরা বলেন বাগুটিয়া এমপির মোড় হতে হাটফাজিলপুর বাজার পর্যন্ত রাস্তার দু’ধারে এরকম শতশত কড়াই গাছ আছে তাহলে সেগুলো কি কারো মালিকানা গাছ ?

সরকারি রাস্তার গাছ কাঁটার বিষয়ে শৈলকূপা উপজেলা নির্বাহী অফিসারের কাছে জানতে চাইলে তিনি জানান, মফিজ চেয়ারম্যান বকশিপুর বাজারের কিছু গাছ কাটা দরকার বলে তাকে মৌখিক ভাবে জানিয়েছেন তবে কোন কাগজপত্র দেয়নি মোবাইলে দেয়ার কথা বলেছে। তিনি আরও বলেন আমি সরজমিনে বিষয়টি দেখে আপনাদের জানাবো।

গাছ কাঁটার অভিযোগের সত্যতা যাচাই করতে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিত্যন্দপুর ইউনিয়নের উপ-সহকারী ভূমি কর্মকর্তা মতিয়ার রহমান কে পাঠান। গাছ কাঁটার বিষয়ে নায়েব এর কাছে জানতে চাইলে তিনি জানান, আমি সেখানে গিয়ে দেখি তাদের কাছে শুধু মাত্র একটা

জেলা পরিষদের দরখাস্তের কাগজ আছে এতে প্রমাণিত হয় না গাছগুলো তাদের। আমি গাছ গুলো জব্দ রাখার নির্দেশ দিয়েছি।

সরকারি গাছ কাঁটার বিষয়ে মফিজ চেয়ারম্যানের কাছে জানতে চাইলে সে জানান,আমার জমি রাস্তার মধ্যে ৫ শতক ঢুকে গেছে। আমি আরো সরকারের কাছে জমি পাবো, গাছ আমার জমির সীমানায় পড়েছে বলে কেটেছি ওই জমিতে মার্কেট করব।

জেলা পরিষদের সার্ভেয়ার দেখে গেছে এখন আবার ইউএনও ঝামেলা করছে যা হবে তা পরে দেখবো। রাস্তার পাশের গাছ কাঁটার বিষয়ে জেলা পরিষদের সচিব সেলিম রেজার কাছে জানতে চাইলে তিনি জানান, জেলা পরিষদের সার্ভেয়ার একটা দরখাস্ত জমা দিয়েছে এবিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত দেয়া হয়নি। ইউএনও সাহেবকে নির্দেশ দিয়েছি গাছগুলো বর্তমান জব্দ তালিকায় আছে। গাছ গুলো কোন সমিতির মাধ্যমে লাগানো হতে পারে তদন্ত করে সঠিক আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

শৈলকুপাতে সড়ক দুর্ঘটনায় মাহেন্দ্র চালকসহ নি*হত ২

ঝিনাইদহের শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় মাহেন্দ্র চালকসহ দুই জন নিহত হয়েছে। আজ শুক্রবার সকাল সাড়ে ৫টার দিকে উপজেলার শেখপাড়া বাজার এলাকার চর মালিথা গ্রামে মাহেন্দ্র এবং নসিমনের মুখমুখি সংঘর্ষে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আজ শুক্রবার ভোরে মাগুরা থেকে ওয়াজ মাহফিল শুনে একটি মাহেন্দ্র গাড়িতে কয়েকজন শেখপাড়া আসছিল এসময় চরমালিথা পাড়ায় পৌছালে বিপরিত দিক থেকে একটি নসিমন মাহেন্দ্র গাড়িকে ধাক্কা দেয় এতে তিনজন গুরুতর আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে শ্রীপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে এবং অবস্থার অবনতি হলে মাহেন্দ্র চালক বাবুল আক্তার এবং আসাদুজ্জামানকে মাগুরা সদর হাসপাতালে পাঠিয়ে দেয়। পরে সদর হাসপাতালে নেওয়ার পথে বাবুল আক্তারের মৃত্যু হয় এবং চিকিৎসাধীন

অবস্থায় আসাদুজ্জামানের মারা যান বলে কর্তব্যরত চিকিৎসক জানান। বাবুল আক্তার শৈলকুপা উপজেলার নওয়াপাড়া গ্রামের জেহের আলী মন্ডলের ছেলে এবং আসাদুজ্জামান একই উপজেলার কবিরপুর গ্রামের মৃত আহাদ আলীর ছেলে।

লাঙ্গলবাধ পুলিশ ফাড়ি ইনচার্জ এসএম হামিদুল ইসলাম দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন এবং দুইজন মারা গেছে বলে জানান। এছাড়া এই দুর্ঘটনায় অপর একজন গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

শৈলকুপাতে ট্রাকের চাপায় প্রাণ গেল প্রতিবন্ধী ভ্যানচালকের

ঝিনাইদহের শৈলকুপাতে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে প্রতিবন্ধী এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। আজ সোমবার বিকেল ৪ ঘটিকায় উপজেলার শেখপাড়া বাজারের কুষ্টিয়া-খুলনা মহাসড়কে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় নিহত ব্যক্তির নাম পারভেজ (১৮)। তিনি কুষ্টিয়া জেলার সদর উপজেলার শান্তিডাঙ্গা গ্রামের রিয়াজ মন্ডলের ছেলে।

এ ঘটনায় ভ্যানে থাকা আরও একজন যাত্রী আহত হয়েছেন। আহত ওই যাত্রীকে চিকিৎসা জন্য শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে।

এ ঘটনায় প্রায় দেড় ঘন্টা ধরে যানচলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ এসে সড়কে যান চলাচল স্বাভাবিক করে।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, হঠাৎ করে একটি বাস বেপরোয়া গতিতে আসলে ভ্যানচালক ভ্যান সাইড করতে গেলে ট্রাকটি তাকে চাপা দেয়।

এ বিষয়ে ঝিনাইদহ হাইওয়ে পুলিশের ওসি মিজানুর রহমান বলেন, ট্রাকটি আটক করা হয়েছে। আমরা লাশ উদ্ধার করেছি।

শৈলকুপায় ইউপি সদস্য রিপন হত্যা মামলার ৫ আসামী রিমান্ডে

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য রিপন হত্যা মামলার ৫ আসামীকে ১ দিনের রিমান্ড আবেদন মঞ্জুর করেছে আদালত।

আজ সোমবার (১৮ ডিসেম্বর) ঝিনাইদহের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৪র্থ আদালতের বিচারক ওয়াজেদুর রহমান এ রিমান্ড মঞ্জুর করেন। এর আগে পুলিশ ৭ দিনের রিমান্ডের আবেদ করলে আদালত ১ দিনের মঞ্জুর করে। আসামী জুমারত, আশরাফুল, নায়েব আলী, মিঠু বিশ^◌াস ও মোক্তার হোসেন কারাগারে ছিলো। এর মধ্যে ৩ জনকে পুলিশ গ্রেফতার করে আর বাকী ২ জন আদালতে আত্মসমর্পণ করে।

গত ১৬ অক্টোবর রাতে শৈলকুপা উপজেলা শহর থেকে ফেরার পথে আবাইপুর ইউনিয়নের মীনগ্রাম মাঠের মধ্যে পৌঁছালে প্রতিপক্ষ আবাইপুর ইউনিয়নের চেয়ারম্যান হেলাল উদ্দিন বিশ্বাসের সমর্থকরা তাকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ ঘটনার পরদিন নিহতের ভাই আহসানুল কবির বাদী হয়ে শৈলকুপা থানায় ৩২ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ১০/১২ জনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন।

আশাকরি আমাদের উপর অর্থনৈতিক কোন স্যাংশন আসবে না-

এফবিসিসিআই সভাপতি

যুক্তরাষ্ট্র অর্থনীতি সংক্রান্ত কোন নিষেধাজ্ঞা দিবে না আশা ব্যক্ত করেছেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র সভাপতি মাহবুবুল আলম।

আজ সোমবার দুপুরে ঝিনাইদহের শৈলকুপায় একটি বেসরকারি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, রাজনীতি যার যার অর্থনীতি সবার। অর্থনীতি ঠিক থাকলে দেশ ঠিক থাকবে। অর্থনীতি ঠিক থাকলে আমরা ঠিক থাকব। আমাদের সাপ্লাই চেইন যদি ঠিক থাকে তাহলে ভালো থাকব। আমাদের অর্থনীতি যদি ধংস হয়ে যায় তাহলে আমাদের তো আর থাকার জাইগা নেই। আমি মনে করি আমাদের বাংলাদেশের মানুষ ব্যবসা বান্ধন মানুষ। আমাদের সরকারও ব্যবসা বান্ধব। আমি মনে করি না যে আমাদের উপর কোন স্যাংশন আসবে।

মাহবুবুল আলম আরও বলেন, আমি আশা করি একটি সুষ্ঠু, অংশগ্রহণমুলক নির্বাচন যেন হয়। সবাই যখন ভোট দিতে আসবে তখন একটি সুন্দর পরিবেশ সৃষ্টি হবে।

দেশের বন্ধ হওয়া সরকারি পাটকল নিয়ে মাহবুবুল আলম বলেন, অলরেডি সব প্রাইভেট সেক্টরকে মাননীয় প্রধানমন্ত্রী গুরুত্ব দিচ্ছেন। সেহেতু প্রাইভেট সেক্টরের হাতে এলে দেশ কিন্তু এগিয়ে যাবে। এটাই হচ্ছে বাস্তবতা। আমরা মনে করি যেসমস্ত বন্ধ জুট মিল আছে সেগুলো প্রাইভেট সেক্টর করবে। এতে জুট এগিয়ে যাবে। শুধু জুট না, জুটের তৈরী সকল পণ্য বিদেশে রপ্তানী হবে।

এর আগে সকাল সাড়ে ১১ টায় হেলিকপ্টারে করে শৈলকুপার হড়রা গ্রামে আসেন তিনি। পরে দিগনগর মাধ্যমিক বিদ্যালয়ে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন তিনি। অনুষ্ঠানে শিল্পপিত আসলাম সেরনিয়াবাত, বসুমতি গ্রুপের চেয়ারম্যান জেড এম গোলাম নবীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সংবর্ধনা শেষে বসুমতি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন তিনি।

শৈলকুপায় পুলিশের বিরুদ্ধে স্বতন্ত্র প্রার্থীর কর্মী সমর্থকদের হয়রানির অভিযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র এমপি প্রার্থী নজরুল ইসলাম দুলালের কর্মী সমর্থকদের ভীতি তৈরি করতে পুলিশী হয়রানির অভিযোগ উঠেছে। এ নিয়ে উদ্বেগ প্রকাশ করে অভিযুক্ত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন ভুক্তভোগীরা।

জানা গেছে, ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসন থেকে এবার স্বতন্ত্র প্রার্থী হিসেবে শক্ত অবস্থানে রয়েছেন নজরুল ইসলাম দুলাল। তার জনপ্রিয়তায় ঈশ্বার্ণিত হয়ে বিরোধী পক্ষের ইন্ধনে তার কর্মী সমর্থকদের পুলিশ দিয়ে হয়রানি করা হচ্ছে অভিযোগ করেছেন।

বুধবার বিকেলে শৈলকুপার শেখপাড়া এলাকা থেকে নজরুল ইসলাম দুলালের সমর্থক জাসেবকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ। জাসেব সাংবাদিকতার পাশাপাশি তার বাবার সারের ব্যবসা দেখাশোনা করেন।

সে স্বতন্ত্র প্রার্থীর সর্মথক হওয়ায় তাকে হয়রানি ও ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে আটক করা হয়েছে বলে এলাকাবাসী জানায়।

সাংবাদিক জাসেবের আটকের বিষয় নিশ্চিত করে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঠাকুর দাস মন্ডল জানান, ভুলক্রমে জাসেবকে আনা হয়েছে। নিরিহ ব্যক্তিকে কেনো পুলিশী হয়রানি করা হচ্ছে এমন প্রশ্নের জবাবে তিনি কোন মন্তব্য করতে রাজি হননি।

এ ব্যাপারে ঝিনাইদহ জেলা সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন কোন ভাবেই বিতর্কিত না হয় সেটা নিয়ে নির্বাচন কমিশন যথেষ্ট তৎপর। তারপরও নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পুলিশের এহেন অতি উৎসাহী হওয়া দেশে উৎসবমুখর নির্বাচনের পরিবেশকে বাঁধাগ্রস্থ করবে। তাই অচিরেই নির্বাচন কমিশনকে অতি উৎসাহী পুলিশ কর্মকর্তাদের ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে বলে জানান তিনি।

ঝিনাইদহের শৈলকুপায় কামান্না দিবস পালিত

ঝিনাইদহের শৈলকুপায় ২৭ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে গণহত্যা দিবস পালিত হয়েছে। রোববার সকালে উপজেলার কামান্না গ্রামের ২৭ শহীদ স্মৃতি সৌধের পাদদেশে আয়োজন করা হয় এই স্মরণসভা। সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে শহীদ স্মৃতিস্তম্ভেব শ্রদ্ধা নিবেদন করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মেহেদী ইসলাম, মুক্তিযোদ্ধা বিশ্বাস লুৎফর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বীর মুক্তিযোদ্ধাগণ শহীদ মুক্তিযোদ্ধাদেরস্মৃতি চারন করেন। পরে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

১৯৭১ সালের ২৬ নভেম্বর ভোর রাতে কামান্না গ্রামে মুক্তিযোদ্ধাদের ক্যাম্প আক্রমন করে পাক বাহিনী ও রাজাকাররা। তারা একে একে ২৭ জন বীরমুক্তিযোদ্ধা ও তাদের সাহায্যকারি দু’জন গ্রামবাসিকে হত্যা করে। পাক বাহিনী চলে গেলে গ্রাামবাসি ৫টি গণকবরে তাদের দাফন করে। প্রতি বছর এ দিনে ঝিনাইদহ ও মাগুরা জেলার বীর মুক্তিযোদ্ধাগন স্মরন সভার মিলিত হয়ে স্মৃতি চারণ করে থাকে।